# U.G. 6th Semester Examination - 2021

# BENGALI

## Course Code: BBNGCCHT601

## Course Title: রবীন্দ্র সাহিত্য

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'বলাকা' কবিতাটির মূল কাব্যগ্রন্থের নাম কী?

খ) 'আমাদের সেই তাহার নামটি রঞ্জনা।' — এখানে 'তাহার নাম' বলতে কার নাম বোঝানো হয়েছে?

গ) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কোন্ পত্রিকার কোন্ সংখ্যায় প্রথম প্রকাশিত হয়েছিল?

ঘ) বাসবদত্তা কে?

ঙ) 'যোবতী, ক্যান্ বা কর মন ভারী?

পাবনা থাক্যে আন্যে দেব ট্যাকা দামের মোটরি।'

— গানটি কার লেখা?

চ) 'ছিন্নপত্র' সংকলনটি কোন্ সালে প্রকাশিত?

[পরের পাতায়]

ছ) 'আজ' এই মাত্র প্রাণটা যাবার জো হয়েছিল।' — উদ্ধৃতিটি কোন্ পত্রে বর্তমান?

জ) 'ছিন্নপত্রাবলী'র ১৮ নং পত্রটি কাকে লেখা?

ঝ) 'অভিজ্ঞান-শকুন্তলা' নাটকে কোন্ অঙ্কে শকুন্তলার প্রত্যাখ্যান রয়েছে?

ঞ) পত্রলেখা কে?

ট) মহাকবি কালিদাসের 'মেঘদূত' কাব্যটি কোন্ ছন্দে লেখা?

ঠ) 'প্রাচীন সাহিত্য'-এর 'রামায়ণ' প্রবন্ধটির উৎস লেখো।

ড) 'হাসি-মিশা বাঁশি বায়'-এর অর্থ লেখো।

ঢ) এককথায় সাহিত্যের বিষয় কী কী?

ণ) 'সাহিত্য' সংকলনে প্রথমে কয়টি প্রবন্ধ ছিল?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'রবিহীন মণিদীপ্ত প্রদোষের দেশে' বলতে কী বোঝানো হয়েছে?

খ) 'ভারতবর্ষের সজল মেঘ আর উজ্জ্বল রৌদ্র

মিলেছে ওর মোহিনী দৃষ্টিতে।' — কার দৃষ্টিতে? কেন এমন কথা বলা হয়েছে?

গ) 'ছিন্নপত্রাবলী'র পত্রের উপরে-নিচের দুটি স্বতন্ত্র সময়কাল উল্লেখ করা হয়েছে কেন?

ঘ) ছিন্নপত্রগুলির দুটি উল্লেখযোগ্য বিশেষত্ব লেখো।

ঙ) ঊর্মিলা উপেক্ষিত কেন, দু-চার কথায় বুঝিয়ে দাও।

চ) শকুন্তলার পিতা-মাতার পরিচয় দাও।

ছ) সাহিত্যের কাজ কী?

জ) 'সাহিত্য' প্রবন্ধ-সংকলনটি কীভাবে, কত সালে প্রকাশিত হয়?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'আফ্রিকা' কবিতায় রবীন্দ্রনাথের মানবতাবাদী ভাবনা কেমন করে কাব্যায়িত হয়েছে, দেখাও।

খ) 'লতার সহিত ফুলের যেরূপ সম্বন্ধ তপোবনের সহিত শকুন্তলার সেইরূপ স্বাভাবিক সম্বন্ধ।' — উদ্ধৃতাংশটির প্রসঙ্গ উল্লেখ করে তার তাৎপর্য বিশ্লেষণ করো।

গ) সাহিত্যের বিচারক সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের বক্তব্য স্পষ্ট করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'ছিন্নপত্রাবলী'তে রবীন্দ্রনাথ ঠাকুরের কবিচেতনার প্রকাশ কীভাবে উঠে এসেছে, তা পাঠ্য পত্রগুলি অবলম্বনে লেখো।

খ) 'রামায়ণ' সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের মূল বক্তব্য বুঝিয়ে দাও।

গ) 'কাব্য : স্পষ্ট এবং অস্পষ্ট' প্রবন্ধের বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

———————